**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 16 JANUARY 2026 ,FRIDAY | ১৬ জানুয়ারি ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-48


## মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়ে প্রশাসনিক বৈঠক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ জানুয়ারি : মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষা নিয়ে প্রশাসনিক বৈঠক হলো আলিপুরদুয়ার জেলা প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যায় এমনটাই জানা গেছে বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ। এদিন বৈঠকে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলার মহকুমা শাসক দেবব্রত রায় সহ জেলার বিভিন্ন দপ্তরের প্রশাসনিক কর্তারা। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের সুবিধার কথা চিন্তা করে বিভিন্ন রকম নির্দেশ দেওয়া হয়েছে মহকুমা শাসকের পক্ষ থেকে। গত বছরের চেয়ে এবারে মাধ্যমিক পরীক্ষার পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। আগামী ২ রা ফেব্রুয়ারি থেকে শুরু হবে মাধ্যমিক পরীক্ষা এবং শেষ হবে ১২ ই ফেব্রুয়ারি। ১২ ই ফেব্রুয়ারি থেকে শুরু হবে উচ্চ মাধ্যমিক পরীক্ষা। নয়টি ভেনুতে একই দিনে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে এমনটাই জানিয়েছেন আলিপুরদুয়ার জেলা প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যায় বৈঠকের পর শর্মিষ্ঠা চক্রবর্তী ।বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ জানা গেছে বনদপ্তর এর ঐরাবতের গাড়িতে করে বন সংলগ্ন এলাকার পরীক্ষার্থীদের পৌঁছে দেবে পরীক্ষা কেন্দ্রে। সরকারি বাসের পাশাপাশি বেসরকারি বাস চলবে মাধ্যমিক পরীক্ষার জন্য। এদিন মহকুমা শাসক দেবব্রত রায় জানিয়েছেন দুর্গম এলাকার ছাত্রছাত্রীদের জন্য স্পেশাল যানবাহনের ব্যবস্থা করা হবে।

## উদ্ধার আগ্নেয়াস্ত্র ও গুলি সহ জাল ভারতীয় টাকা ,গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১৫ জানুয়ারি : মুর্শিদাবাদ জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও বহরমপুর থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার থানা এলাকার সুভাষ নগর মোড়ে অভিযান চালিয়ে তিন ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় দুটো সেভেন এম এম আধুনিক পিস্তল,চারটি খালি ম্যাগাজিন,তিনশ রাউন্ড গুলি ও ভারতীয় পাঁচশো টাকার জাল নোট। জাল নোটের পরিমান দশ হাজার টাকা। জেলা পুলিশ সুপার বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলন করে এখবর জানান। ধৃতদের নাম রফিকুল মন্ডল, ইস্লামপুরের বাসিন্দা, শকিউল শেখ ও কাউসার আলি সাগরপাড়ার বাসিন্দা বলে জানান পুলিশ সুপার। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার বহরমপুর আদালতে পাঠানো হয়েছে ও পরবর্তী পর্যায়ের তদন্ত চালিয়ে যেতে ধৃতদের জিজ্ঞাসাবাদের জন্য আদালতের কাছে দশ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানানো হয়েছে। পুলিশ এই কান্ডে জড়িত অন্যান্যদের খোঁজে তল্লাশী জারী রেখেছে।

## SIR এর শুনানিতে গ্রহণযোগ্য নয় মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, নির্দেশ নির্বাচন কমিশনের




এই যুগ, কলকাতা, ১৫ জানুয়ারি : রাজ্য SIR শুনানির কাজ চলছে জোর কদমে, তবে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে নির্বাচন কমিশন কে । শুনানি পর্বে ডকুমেন্ট নিয়েও বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। এবার "মাধ্যমিকের অ্যাডমিট কার্ড" কে শুনানির জন্য বৈধ নথি হিসেবে অনুমোদন দিল না নির্বাচন কমিশন। মাধ্যমিকের অ্যাডমিট কার্ড দেখানো নিয়ে বহু জেলায় SIR শুনানি ঘিরে চাঞ্চল্য ও সৃষ্টি হয়েছে। এবার SIR শুনানি তে বৈধ নথি হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড কে অনুমোদন দিলোনা নির্বাচন কমিশন। বৃহস্পতিবার ,রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে পাঠানো চিঠিতে কমিশন জানিয়েছে, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড SIR শুনানিতে "বৈধ নথি" নয় । নির্বাচন কমিশন এও জানিয়েছে, ২০২৫ এর ২৭ শে অক্টোবরের নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তিতে ১১টি বৈধ নথির মধ্যে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের কথা উল্লেখ নেই।

## বালাসন সাব ট্রাফিক গার্ডের অফিস উদ্বোধন করলেন পুলিশ কমিশনার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৫ জানুয়ারি : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বালাসন সাব ট্রাফিক গার্ডের অফিস উদ্বোধন করলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সি সুধাকর। বৃহস্পতিবার আনুষ্ঠানিক ভাবে দপ্তর উদ্বোধন এর পাশাপাশি সসমাজসেবামূলক উদ্যোগের অংশ হিসাবে এলাকার দুস্থদের মধ্যে কম্বল বিতরন করা হয়। উপস্থিত ছিলেন ডি সি পি ট্রাফিক কাজী শামসুদ্দিন আহমেদ সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। পুলিশ কমিশনার সি সুধাকর বলেন এই সাব ট্রাফিক গার্ডের অফিস এলাকার ট্রাফিক ব্যবস্থাপনা আরো উন্নত হবে, সড়ক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং জনসেবার মানোন্নয়নে সহায়ক হবে।

# কাজ করে বেতন না পাওয়ায় আলিপুরদুয়ারে পাম্প অপারেটরদের বিক্ষোভ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ জানুয়ারি : পাম্প অপারেটররা দীর্ঘদিন যাবত তাদের বেতন পাচ্ছে না। কাজ করে বেতন না পাওয়ার ফলে আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন পথে মিছিল করে বিক্ষোভ দেখালেন। পি এইচ ই কর্তৃপক্ষ নিজেদের দায়িত্ব পালন করছে না। ঠিকাদাররা শ্রমিক নিয়োগ করে তাদের বেতন দিচ্ছেন না অথচ পি এইচ ই কর্তৃপক্ষ তাদের বাতিল করছেন না। দীর্ঘদিন যাবত তাদের সমস্যা চলছে কিন্তু তাদের সমস্যা মেটানোর কোনরকম ব্যবস্থা করা হচ্ছে না। বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলা শহরের মিছিল করে জেলাশাসকের দপ্তরের সামনে যান ডেপুটেশন প্রদান করতে এমনটাই জানা গেছে বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ।

# টোটো দুর্ঘটনার জের পথ অবরোধ আলিপুরদুয়ার ফালাকাটা মহাসড়কে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ জানুয়ারি : মহাসড়কের কাজ চলছে আর এর দরুন পুরনো রাস্তায় বড় আকারের গর্ত হয়েছে। আলিপুরদুয়ার ফালাকাটা মহাসড়কে উল্টে গেছে টোটো জখম হয়েছেন দুজন। তাদের উদ্ধার করে ফালাকাটা হাসপাতালে পাঠানো হয়েছে। এরপরেই আলিপুরদুয়ার-ফালাকাটা সড়ক অবরোধ করেন বাসিন্দারা শিশাগর এলাকায়। এক ঘন্টা অবরোধ থাকার পর পুলিশ এসে আলোচনার ভিত্তিতে অবরোধ তুলে দেয়। গাড়ি চালকদের অভিযোগ মহাসড়কের কাজ চলছে আনন্দের বিষয় কিন্তু পুরনো রাস্তা দিয়ে গাড়ি চালাতে হয় আমাদের সেই রাস্তায় বড় বড় গর্ত রয়েছে সেগুলি সংস্কার করা প্রয়োজন।

# দু'বছর যাবত বন্ধ রাস্তা দিয়ে যাতায়াত , প্রশ্ন উন্নয়ন নিয়ে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৫ জানুয়ারি : দু বছর যাবত বন্ধ রাস্তা দিয়ে যান চলাচল। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যখন উন্নয়নের জন্য কোটি কোটি টাকা দিচ্ছেন ঠিক সেই সময়ে কালভার্টের একাংশ ভেঙ্গে পড়ে রয়েছে দু'বছর যাবত। যানবাহন থেকে শুরু করে সাধারণ মানুষের যাতায়াত বন্ধ হয়ে আছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েতের সাউথপাড়া এলাকায়। এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে বৃহস্পতিবার বিকেলে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে দু'বছর যাবত যাতায়াতের পরিস্থিতি নেই । কালভার্টের একাংশ ভাঙ্গা থাকায় ফলে বিকল্প পথে ঘুরে তাদের যাতায়াত করতে হয়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যখন পাড়ায় সমাধান প্রকল্পের জন্য প্রতি বুথে দশ লক্ষ টাকা দিচ্ছেন ঠিক সেই সময়ে হাজার পাঁচেক টাকা খরচ করা সম্ভব হচ্ছে না গ্রাম পঞ্চায়েত দপ্তর থেকে শুরু করে ব্লক প্রশাসনের। যদিও ওই গ্রাম পঞ্চায়েত এলাকার তৃণমূল নেত তথা পঞ্চায়েত সদস্য জয়প্রকাশ দাস জানিয়েছেন সঠিক জায়গা মত বিষয়টা জানানো হয়নি তাই কালভার্টের কাজ হচ্ছে না। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েত তৃণমূলের দখলে রয়েছে। শাসক দলের নেতাই বলছেন কালভার্ট দিয়ে লোক যাতায়াত করে প্রতিদিন কিন্তু কালভার্ট সংস্কারের জন্য সঠিক জায়গামতো জানানো হয়নি।


**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



# মাঝরাতে গুলির শব্দে চাঞ্চল্য জলপাইগুড়ি শহরে



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ১৫ জানুয়ারি : গতকাল বুধবার গভীর রাতে জলপাইগুড়ি শহরে গুলি চলার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়ায়। শহরের ৫ নম্বর ওয়ার্ড এলাকায় পরপর গুলি চালানোর অভিযোগ ওঠে। রাস্তায় দাঁড় করিয়ে রাখা একটি গাড়ির উইন্ডস্ক্রিন ফুটো হয়ে গুলি ভিতরে ঢুকে যায়। পাশাপাশি একটি বাড়ির সঙ্গে থাকা সাইবার ক্যাফের কাচের দরজাও গুলিতে ক্ষতিগ্রস্ত হয়।বৃহস্পতিবার সকালে ঘটনাস্থল থেকে দুটি গুলির খোল উদ্ধার করেছে পুলিশ। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন জেলা পুলিশের উচ্চপদস্থ কর্তারা। উপস্থিত ছিলেন জলপাইগুড়ি পুরসভার চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায়ও। উল্লেখযোগ্যভাবে, যে ওয়ার্ডে এই ঘটনা ঘটেছে, সেটি পুরসভার ভাইস চেয়ারম্যানের ওয়ার্ড।এই ঘটনায় গোটা শহরজুড়ে ব্যাপক আতঙ্ক ও চাঞ্চল্য ছড়িয়েছে। রাতের নির্জন সময়ে জনবহুল এলাকায় গুলি চলার ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।এ বিষয়ে জলপাইগুড়ি জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশী জানান,"জলপাইগুড়ি শহরের সমাজপাড়ায় শূন্যে দু' রাউন্ড গুলি চালানো হয়েছে। এই ঘটনায় কেউ হতাহত হননি। বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে।"পুলিশ সূত্রে জানা গেছে, আশপাশের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে এবং ঘটনার সঙ্গে জড়িতদের খোঁজে তল্লাশি শুরু হয়েছে।

# বীরপাড়া থানার অভিযানে ফের উদ্ধার প্রচুর পরিমান নিষিদ্ধ মাদক ক্যাপসুল , গ্রেপ্তার দুই




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৫ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও বীরপাড়া থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার রাতে থানা এলাকার পাওয়ার গ্রীড মোড়ে বিশেষ অভিযান চালিয়ে একটি অল্টো গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় চব্বিশ হাজার নিষিদ্ধ মাদক ক্যাপসুল পিভন স্পাজ প্লাস। পুলিশ মাদক ক্যাপসুল সহ গাড়িটি বাজেয়াপ্ত করে এবং গাড়িতে থাকা দুই ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে এবং মাদক ক্যাপসুল উদ্ধার, গাড়ি সহ সেগুলি বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। পুলিশ ধৃতদের আদালতে পাঠিয়ে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে। উল্লেখ্য বুধবার বীরপাড়া থানার ক্ষুদিরাম পল্লী থেকে ও পুলিশ নিষিদ্ধ মাদক ক্যাপসুল সহ এক মহিলাকে গ্রেপ্তার করে। বীরপাড়া থানার ওসি নয়ন দাস জানান মাদকের বিরুদ্ধে অভিযান জারী থাকবে।


## হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
<u>হোটেল :</u>- তারাপীঠ, দিঘা ,পুরী ।
<u>বাগান বাড়ি :</u>- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |